# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৭৮৯

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - উপার্জন করা এবং হালাল রুযী অবলম্বনের উপায় সন্ধান করা

## আরবী

وَعَن ابنِ عُمَرَ قَالَ: مَنِ اشْتَرَى ثَوْبًا بِعَشَرَةِ دَرَاهِمَ وَفِيهِ دِرْهَمٌ حَرَامٌ لَمْ يَقْبَلِ اللَّهُ لَهَ صَلَاةً مَا دَامَ عَلَيْهِ ثُمَّ أَدْخَلَ أُصْبَعَيْهِ فِي أُذُنَيْهِ وَقَالَ صُمَّتَا إِنْ لَمْ يَكُنِ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَمِعْتُهُ يَقُولُهُ. رَوَاهُ أَحْمَدُ وَالْبَيْهَقِيُّ فِي شُعَبِ الْإِيمَانِ. وَقَالَ: إِسْنَادُهُ ضَعِيف

## বাংলা

২৭৮৯-[৩১] ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, যে ব্যক্তি দশটি মুদ্রার বিনিময়ে একটি কাপড় কিনেছে, যার মধ্যে একটি মুদ্রা হারাম ছিল। যতদিন ওই ব্যক্তির পরনে কাপড়টি থাকবে তার সালাত গৃহীত হবে না। ইবনু ’উমার(রাঃ) এ কথা শুনার পর তাঁর দু’ কানে আঙ্গুল ঢুকিয়ে দিয়ে বললেন, আমার কান দু’টি বধির হয়ে যাবে যদি আমি এ বর্ণনা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে না শুনে থাকি। (আহমাদ, বায়হাক্বী- শু’আবুল ঈমান; তিনি বলেন, সানাদ দুর্বল)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : আহমাদ ৫৭৩২, শু‘আবুল ঈমান ৬১১৪, য‘ঈফ আল জামি‘ ৫৪২০। কারণ এর সনদে বাক্বিয়্যাহ্ একজন মুদাল্লিস রাবী আর ‘উসমান বিন যুফার একজন মাজহূল রাবী।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (لَمْ يَقْبَلِ اللّٰهُ لَه صَلَاةً) ‘‘আল্লাহ তা‘আলা তার সালাত কবুল করবেন না।’’ ‘আল্লামা ত্বীবী বলেনঃ যদিও হারাম উপার্জন দ্বারা পোশাক কিনে তা পরিধান করে সালাত আদায় করলে ঐ সালাত তাকে কাযা করতে হবে না, কিন্তু সালাত দ্বারা তার কোনো সাওয়াব অর্জিত হবে না। (মিরকাতুল মাফাতীহ)

হাদীসের শিক্ষাঃ হারাম উপায়ে অর্জিত সম্পদ ব্যবহার করে ‘ইবাদাত করলে আল্লাহর নিকট ঐ ‘ইবাদাত

গ্রহণযোগ্য নয়। অর্থাৎ ঐ ‘ইবাদাতের মাধ্যমে সাওয়াব অর্জিত হয় না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68116

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন